দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

12

তারিখ ... 17 APR 1989 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 3 ...

শিক্ষাঙ্গন

## গণ-শিক্ষা প্রসারে গণ-মাধ্যমের গুরুত্ব

শিক্ষা একটি জাতির মেরুদন্ড, সভ্যতার মাপকাঠি। শিক্ষা ছাড়া যেমন কোন ব্যক্তি বা জাতির উন্নতি মোটেই সম্ভব নয়, তেমনি সম্ভব নয় সভ্যতার যথার্থ বিকাশ। মূলতঃ নির্দিষ্ট পাঠ্যসূচী অনুযায়ী বিভিন্ন স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আমরা আনুষ্ঠানিক শিক্ষা লাভ করে থাকি। একটি জাতির শিক্ষা বিস্তারে এসব প্রতিষ্ঠান মুখ্য ভূমিকা অবশ্যই পালন করে আসছে।

আনুষ্ঠানিক শিক্ষা এবং গণ-শিক্ষা এক কথা নয়। শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যসূচীর বাইরে আনুষ্ঠানিকভাবে বিভিন্ন বিষয়ে জনগণকে শিক্ষিত করে তোলার প্রয়াসই একমাত্র গণশিক্ষা। হাতের কাছে পাওয়া যায় এমন সুযোগ-সুবিধাকে কাজে লাগিয়ে সম্ভব সহজ উপায়ে বেশী সংখ্যক লোককে জীবন গড়ার, মানুষ হওয়ার শিক্ষা দানের নামই গণশিক্ষা। নিজে হাতে-কলমে কাজ করা, দেখে-শুনে কাজ করা বাস্তব শিক্ষা, পদ্ধতিগত শিক্ষা, পেশাভিত্তিক শিক্ষা, বিভিন্নমুখী শিক্ষা জীবনে বড় হওয়ার জন্য বিভিন্নমুখী বাস্তব চিন্তাধারাকে বাস্তবায়ন করার জন্য যে শিক্ষা গ্রহণ করা হয় তাই গণশিক্ষা। একজন ব্যক্তিকে সুযোগ্য এবং দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে উঠার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে উন্মুক্ত বিশ্ব জ্ঞান-ভাণ্ডার থেকে প্রতিদিনই কিছু না কিছু শিখতে হয়, জানতে হয়। প্রতিদিনের সুর্যোদয়ে তাকে পরিচিত হতে হয় নতুন ঘটনার সাথে, নতুন সমস্যার সাথে, খুঁজে পেতে হয় উদ্ভূত পরিস্থিতিকে সমাধানের জন্য নিত্য নতুন জ্ঞান। বর্তমানে এমনি অনানুষ্ঠানিকভাবে শিক্ষা প্রদানে ভূমিকা পালন করে আসছে।

বেতার, টেলিভিশন, খবরের কাগজ, চলচ্চিত্র প্রভৃতি গণমাধ্যমসমূহ। বাংলাদেশের শতকরা ৮৫ জন লোক গ্রামে বাস করে থাকে। অর্থনৈতিক দিক দিয়ে এসব গ্রামবাসীর বেশীর ভাগই অসচ্ছল, সেখানে শিক্ষার হার খুবই নগণ্য। গ্রামে খবরের কাগজ কালভদ্রে পৌছলেও দু'চার জন শিক্ষিত ভদ্রলোকের মধ্যেই এসব পত্র-পত্রিকার চাহিদা সীমিত। চলচ্চিত্র সেখানে আজও কল্পনা মাত্র, কারণ এ জন্য চাই বিদ্যুৎ সরবরাহ।

দেশে বর্তমানে গণ-শিক্ষা বিস্তারে বেতার একইভাবে পালন করতে পারে অসাধারণ ভূমিকা। উল্লেখিত গণমুখী কর্মকাণ্ডে রেডিও বাংলাদেশ এবং বাংলাদেশ টেলিভিশন বিশেষ ভূমিকা পালন করে আসছে। অনানুষ্ঠানিক শিক্ষা ছাড়া ও আনুষ্ঠানিক শিক্ষা বিস্তারে বাংলাদেশ টেলিভিশন ও রেডিও বাংলাদেশ ইদানীং দূর শিক্ষণ কর্মসূচী গ্রহণ করেছে।

বিভিন্ন শ্রেণীর ছাত্রদের উদ্দেশ্যে বিদ্যালয় চলাকালীন সময়ে এমনি শিক্ষা কার্যক্রম প্রচারে রেডিও বাংলাদেশ সীমিতভাবে ইতিমধ্যেই এগিয়ে এসেছে। এ ছাড়া শিক্ষক প্রশিক্ষণের জন্যও ইদানীং দূর শিক্ষা কেন্দ্রের সহযোগিতায় রেডিও বাংলাদেশ থেকে আধুনিক পাঠ প্রদান পদ্ধতি প্রচারিত হয়ে আসছে। ফলে শিক্ষকগণ বলতে গেলে অনেকটা নিঃখরচায় জেনে নিতে পারেন পাঠ প্রদানের আধুনিক পদ্ধতি। বাংলাদেশ টেলিভিশন ও সীমিতভাবে এমনি দূর শিক্ষণ অনুষ্ঠান প্রচার চালু করেছে। তবে গণশিক্ষা বিস্তারে গণ-মাধ্যমের ভূমিকা তখনই সফল হবে যখন এই সত্যটি বা এর গুরুত্ব আমরা যথার্থভাবে উপলব্ধি করতে সক্ষম হবো।

—এ, এম, জীবন।